771/Beng.(C)N.S UG/6th Sem/BENG-H-CC-T-13/26

# ২০২৬

# বাংলা

(সাম্মানিক)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-H-CC-T-13

(পরিবেশ ভাবনা ও বাংলা সাহিত্য)

[নতুন পাঠক্রম]

[CBCS]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'আগামী' কবিতায় কবি সুকান্ত ভট্টাচার্য চারাগাছকে কী কী বলে পরিচয় করিয়েছিলেন?

খ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসে সুধাপ্রসন্নের অবসর বিনোদন কী ছিল?

গ) কবি অমিয় চক্রবর্তীর 'গাছ' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? কাব্যগ্রন্থটির প্রকাশ সাল কত?

ঘ) 'নিজের ভিতর যখন আলো জাগে'— এই আলো আসলে কী?

ঙ) ব্যাঙটাকে দেখে ফ্রক ভেজা মেয়েটা মাকে কী বলেছিল?

চ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসটিতে মোট কতগুলি অধ্যায় আছে? এরমধ্যে কোন অধ্যায়ের একাধিক ভাগ আছে?

ছ) উত্তর ভারতের এই অংশে একসময় কী ছিল বলে রবীন্দ্রনাথ তাঁর প্রবন্ধে উল্লেখ করেছেন?

(পরের পাতায়)

জ) কৃষিযুগের পর সম্প্রতি কোন বিদ্যার আবির্ভাব ঘটেছে বলে রবীন্দ্রনাথ মনে করেন?

ঝ) 'নিয়েছি, বেশ করেছি' — কোন গল্পে কে কী নিয়েছে?

ঞ) রবীন্দ্রনাথ তাঁর 'বনবাণী'র ভূমিকায় নাগকেশরের ফুলে ফুলে কী দেখতে চেয়েছিলেন?

ট) কবি জীবনানন্দ দাশের রূপসী বাংলা কাব্যগ্রন্থটির রচনাকাল ও প্রকাশকাল লেখো।

ঠ) 'বোবা বন্ধু' কারা? তারা কি করে?

ড) রবীন্দ্রনাথ প্রাচীন ভারতের তিনটি কোন কোন বড় বড় অরণ্যের নাম করেছেন তাঁর 'হলকর্ষণ' প্রবন্ধে?

ঢ) "মন্ত্র-লাগে তারাময় ভোরে"— কোন্ কবির কোন্ কবিতার অংশ?

ণ) রিভারসাইড রোডে রেনুর বাড়িতে কী কী আশ্চর্য রকমের শব্দ শোনা যেতো?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'হানো যদি কঠিন কুঠারে' তাহলেও চারা গাছ কী কী ভাবে মানুষকে সেবা দান করবে বলে জানিয়েছে?

খ) 'আরতি রাজি হয়ে গেল'— কী বিষয়ে কেন আরতি রাজি হয়েছিল?

গ) 'ছায়ার জন্য' কবিতাটিকে কি ইকো পোয়েট্রি বলা যায়? তোমার অভিমত সংক্ষেপে ব্যক্ত করো।

ঘ) 'আজকের উৎসবের তাই দুটি অঙ্গ।'— এই দুটি অঙ্গ কী কী বলে রবীন্দ্রনাথ জানিয়েছেন?



ঙ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসের মধ্যে লেখক মূল কী কী বিষয়ের প্রতি আলোকপাত করতে চেয়েছেন?

চ) 'তাই আজ সবারে সে পায়'— সে বলতে কাকে বোঝানো হয়েছে? সে কীভাবে সবাইকে পায়?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'প্রকৃতি পাঠ' উপন্যাসে সতীপ্রসন্ন একজন পরিবেশ কর্মী হিসেবে এই উপন্যাসে যেভাবে নির্মিত হয়েছেন তা দেখাও।

খ) 'অপব্যয়ী সন্তান কর্তৃক লুণ্ঠিত মাতৃভাণ্ডার পূরণ করবার কল্যাণ উৎসব'— এই উৎসব সম্পন্ন করবার প্রেক্ষাপট ও উদ্যোগ সম্পর্কে রবীন্দ্র ভাবনা নিজের ভাষায় লেখো।

গ) ছোটগল্পকার হিসেবে সাধন চট্টোপাধ্যায়ের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে 'মহাপ্রাণের ঋণ' গল্পটি ছোটগল্প হিসেবে কতখানি শিল্পসার্থক হয়েছে তা জানাও।

ঘ) 'ছায়ার জন্য' কবিতায় কবি সুনীল গঙ্গোপাধ্যায় 'এই হত্যাকারী হাতে শেষবার প্রণাম জানাই'।— ছত্রটি কবিতাটি অবলম্বনে কবির এমন কথা উচ্চারণের কারণ ব্যাখ্যা করো।

———